গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়
গোদাগাড়ী, রাজশাহী।
www.fisheries.godagari.rajshahi.gov.bd

স্মারক নং-৩৩.০২.৮১৩৪.৫০১.৬৫.০০১.২২.২০১

তারিখ: ২০ ভাদ্র ১৪৩১ / ০৪ সেপ্টেম্বর ২০২৪

## কোটেশন বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, চলতি ২০২৪-২০২৫ আর্থিক সনে পিপিআর-২০০৮ মোতাবেক ক্লাইমেট স্মার্ট এগ্রিকালচার এন্ড ওয়াটার ম্যানেজমেন্ট প্রকল্পাধীন (মৎস্য অধিদপ্তর অংশ) চরি-সমেসপুর সাব প্রোজেক্টের (গোদাগাড়ী, রাজশাহী অংশ) আওতায় চডুই বিলে পোনামাছ সরবরাহের জন্য আগ্রহী পোনা উৎপাদনকারী/পোনা বিক্রেতা/পোনা ব্যবসায়ী/ সরবরাহকারী ব্যক্তি/ প্রতিষ্ঠানের কাছ থেকে অত্র দপ্তরের নির্ধারিত সিডিউলে সীলমোহরকৃত খামে কোটেশন আহ্বান করা যাচ্ছে ।

| | | |
|---|---|---|
| ১ | মন্ত্রণালয়/বিভাগ | মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়। |
| ২ | বাস্তবায়নকারী সংস্থা | মৎস্য অধিদপ্তর বাংলাদেশ, মৎস্য ভবন, ঢাকা । |
| ৩ | ক্রয়কারী সংস্থা | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, গোদাগাড়ী, রাজশাহী। |
| ৪ | ব্যয়ের উৎস্য | প্রকল্প পরিচালক, ক্লাইমেট স্মার্ট এগ্রিকালচার এন্ড ওয়াটার ম্যানেজমেন্ট প্রকল্প (মৎস্য অধিদপ্তর অংশ) ঢাকা এর পত্র নং-৩৩.০২.০০০০.৯৫৮.০৮.০২৬.২৪.৪৬৪ তারিখ: ২২ আগস্ট ২০২৪ হিসাব খাত"২২৪৩৪৯৫০০-৩২৫৪১০১" পোনামাছ অবমুক্তি । |
| ৫ | কোটেশন বিজ্ঞপ্তির নং ও তারিখ | স্মারক নং- ৩৩.০২.৮১৩৪.৫০১.৬৫.০০১.২২.২০১ তারিখঃ ০৪ সেপ্টেম্বর ২০২৪ |
| ৬ | সংগ্রহ/ক্রয় পদ্ধতি | পিপিএ-২০০৬ ও পিপিআর-২০০৮ মোতাবেক RFQ পদ্ধতি (কোটেশন) |
| ৭ | কোটেশন, সিডিউল প্রাপ্তির স্থান ও সময় | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, গোদাগাড়ী, রাজশাহী, ১০ সেপ্টেম্বর ২০২৪ তারিখ অফিস চলাকালীন সময় পর্যন্ত |
| ৮ | কোটেশন দাখিলের তারিখ সময় ও স্থান | ১১ সেপ্টেম্বর ২০২৪ তারিখ বেলা ১২:০০ ঘটিকা পর্যন্ত সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, গোদাগাড়ী, রাজশাহী। |
| ৯ | কোটেশন খোলার তারিখ সময় ও স্থান | ১১ সেপ্টেম্বর ২০২৪ তারিখ ১২:৩০ ঘটিকায় সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, গোদাগাড়ী, রাজশাহী। |
| ১০ | বিশেষ শর্তাবলী | (ক ) নির্ধারিত আকারের বড় বা ছোট পোনা মাছ গ্রহন করা হবে না<br>(খ) দুর্বল/ শংকর/বিকলাঙ্গ পোনা গ্রহন করা হবে না<br>(গ) কোটেশনে উদ্ধৃত মূল্য কেজিতে উল্লেখ করতে হবে।<br>(ঘ) কোটেশনে প্রতি কেজি মূল্য অংকে ও কথায় (দরহার) উদ্ধৃত করতে হবে। কোন প্রকার কাটাকাটি বা ঘষামাজা চলবে না। |

১১। কাজের বিবরণঃ

| ক্রঃ নং | কাজের নাম | বর্ণনা |
|---|---|---|
| ১ | রুই জাতীয় মাছের পোনা সরবরাহ | (ক) পোনা মাছ ক্রয় করা হবে |

## শর্তাবলীঃ

০১. কোটেশন দাতাকে সীল মোহরযুক্ত খামে নির্ধারিত সিডিউলে কোটেশন দাখিল করতে হবে। কোটেশনের খামের উপর কাজের নাম" পোনা মাছ সরবরাহের কোটেশন "কথাটি উলেখ পূর্বক খামের বাম পার্শ্বে কোটেশন দাতার নাম ও ঠিকানা এবং ডান পার্শ্বে প্রাপকের নাম"সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, গোদাগাড়ী, রাজশাহী" উল্লেখ করতে হবে ।

০২. শুধু মাত্র কৃতকার্য কোটেশনদাতাকে চুক্তি ও কার্যাদেশ সম্পাদনের পূর্বে প্রাক্কলিত মূল্যের ১০% টাকা জামানত হিসাবে ব্যাংক ড্রাফ্ট এর মাধ্যমে জমা প্রদান করতে হবে এবং শর্ত সাপেক্ষে পোনা সরবরাহে ব্যর্থ হলে জামানতের টাকা বাজেযাপ্ত করে রাষ্ট্রীয় কোষাগারে জমা প্রদান করা হবে।

০৩. কোটেশন দাতাকে অবশ্যই হালনাগাদ ট্রেড লাইসেন্স, আয়কর সনদ, ভ্যাট রেজিস্ট্রেশন ও আর্থিক সচ্ছলতার সনদসহ অন্যান্য কাগজপত্রের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে ।

০৪. কোটেশন দাতাকে প্রতি কেজি পোনা মাছের গড় মূল্য অংকে ও কথায় উল্লেখ করতে হবে কোন প্রকার কাটা কাটি বা ঘোষা মাজা গ্রহণ করা হবে না ।

০৫. কোটেশন দাতাকে সুস্থ, সবল, রোগমুক্ত, যাহা উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক যাচাইকৃত ১০-১৫ সেঃ মিঃ আকারের রুই জাতীয় পোনা মাছ যার মধ্যে রুই ৪০%, কাতলা ৩০%, মৃগেল/কালিবাউস/ঘনিয়া-৩০% সরবরাহ করতে হবে ।

০৬. অর্থ বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে কোটেশন কমিটির অনুমোদন ও দরহার অনুমোদনের পর কার্যাদেশ প্রদান করা হবে। কার্যাদেশে বর্ণিত সিডিউল মোতাবেক প্রজাতি ভিত্তিক নির্দিষ্ট পরিমান পোনা মাছ নির্বাচিত জলাশয়ে নিজ দায়িত্বে সরবরাহ করিতে হবে এবং পোনা মাছ গ্রহণ কমিটি কর্তৃক পোনামাছ গ্রহণ ও অবমুক্ত না করা পর্যন্ত পোনা রক্ষণাবেক্ষণের দায়িত্ব সরবরাহকারীকে পালন করতে হবে । পরিবহন ও রক্ষণাবেক্ষণের জন্য কোন ব্যয় পরিশোধ করা হবে না ।

০৭. কৃতকার্য কোটেশন দাতাকে কার্যাদেশ প্রদানের ০৭ (সাত) দিনের মধ্যে চাহিদা মোতাবেক পোনা সরবরাহ করতে হবে ।

০৮. কার্যাদেশ ও কোটেশনের শর্ত মোতাবেক সুষ্ঠু ও সন্তোষজনকভাবে পোনা মাছ সরবরাহের পর বিল পরিশোধের জন্য ২(দুই) প্রস্ত বিল নিম্ন স্বাক্ষরকারীর বরাবরে দাখিল করতে হবে ।

০৯. সরকারী বিধি মোতাবেক বিল হতে ভ্যাট ও আয়কর কর্তন করা হবে ।

১০. সর্বনিম্ন কোটেশন গ্রহনে কমিটি বাধ্য নহে । ত্রুটিযুক্ত বা কোটেশনের শর্তের বর্হিভুত যে কোন কোটেশন বাতিল বলে গন্য হবে ।

১১. উপরোক্ত শর্ত ছাড়াও প্রয়োজনে অন্য যে কোন শর্ত কর্তৃপক্ষ কার্যাদেশে উল্লেখ করতে পারবেন।

১২ পোনা সরবরাহের পরিমান কম বেশী হতে পারে এবং গোদাগাড়ী উপজেলার নির্বাচিত জলাশয়ে পোনা সরবরাহ করতে বাধ্য থাকিবে।

১৩. অর্থ বরাদ্দ প্রাপ্তি ও প্রযোজ্য ক্ষেত্রে অর্থ মঞ্জরী সাপেক্ষে বিল প্রদান করা হবে ।

১৪. এই কোটেশন বাতিল/ গ্রহন/পরিবর্তন/ পরিমার্জন করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

(বরুণ কুমার মন্ডল)
সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা
গোদাগাড়ী, রাজশাহী ।
ফোন:০২৪৭৮-৫৬২৭৯
sufogodagari@fisheries.gov.bd

স্মারক নং-৩৩.০২.৮১৩৪.৫০১.৬৫.০০১.২২.২০১/১(১৮)

তারিখঃ ২০ ভাদ্র ১৪৩১ / ০৪ সেপ্টেম্বর ২০২৪

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো ঃ

১। উপপরিচালক, মৎস অধিদপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী ।
২। প্রকল্প পরিচালক, ক্লাইমেট স্মার্ট এগ্রিকালচার এন্ড ওয়াটার ম্যানেজমেন্ট প্রকল্প (মৎস্য অধিদপ্তর অংশ) মৎস্য ভবন, রমনা, ঢাকা।
৩। জেলা মৎস্য কর্মকর্তা, রাজশাহী ।
৪। উপজেলা নির্বাহী অফিসার, গোদাগাড়ী, রাজশাহী।
৫। উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, গোদাগাড়ী, রাজশাহী।
৬। উপজেলা কৃষি/ প্রাণিসম্পদ/সমাজসেবা/সমবায় কর্মকর্তা, গোদাগাড়ী, রাজশাহী। সদস্য, জলাশয় নির্বাচন ও পোনা সংগ্রহ কমিটি । মহোদয়কে নির্দিষ্ট তারিখ ও সময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো ।
৭। উপজেলা..............................................কর্মকর্তা, গোদাগাড়ী, রাজশাহী । বহুলপ্রচারের জন্য অনুরোধ করা হলো ।
৮। চেয়ারম্যান..............................................ইউনিয়ন পরিষদ, গোদাগাড়ী, রাজশাহী । বহুলপ্রচারের জন্য অনুরোধ করা হলো ।
৯। সংশ্লিষ্ট নথি ।

(বরুণ কুমার মন্ডল)
সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা
গোদাগাড়ী, রাজশাহী ।